‘শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি’

# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ০৯ জুন ২০২২ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-‘ক’)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর ২য় পর্যায়ের টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত চলমান ১০টি প্যাকের কাজের মধ্যে ৫টি প্যাকের কাজ প্রায় শেষ পর্যায়ে অবশিষ্ট ৫টি প্যাকেজের কাজ বন্যার কারণে বন্ধ রয়েছে। বন্যার পানি নামার সাথে সাথে কাজ বাস্তবায়ন করা হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান কিছু ঠিকাদার রয়েছে যারা টেন্ডারের কাজ পেয়ে সেগুলো বিক্রয় করে দিচ্ছে। এই সকল ঠিকাদারদের কালো তালিকা ভুক্ত করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। এছাড়া নির্দষ্ট সময়ের মধ্যে কোন ঠিকাদার কাজ বাস্তবায়ন করতে না পারলে তার কাজ বাতিল করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় ৪র্থ পর্যায়ে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ প্রকল্পটি পুনরায় টেন্ডার করা হবে। দ্রুত ঠিকাদার নির্বাচনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে। | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর চলমান কাজ দ্রুত বাস্তবায়ন করা এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ প্রকল্পটি পুনরায় দ্রুত টেন্ডার আহবান করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর | আলোচনান্তে অবশিষ্ট গভীর নলকূপ স্থাপন ও পাটাতন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), |

| | | | |
|---|---|---|---|
| | নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান নতুন অর্থ বছরের আওতায় ১৯৭টি গভীর নলকূপ এর মধ্যে ১৯৩টি নলকূপ স্থাপন সমাপ্ত হয়েছে এবং ১৬৪টি নলকূপের পাটাতন পাকাকরণের কাজ সম্পন্ন হয়েছে। | পাকাকরণ কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সুনামগঞ্জ সদর। |
| ৩. | চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর ইউ/পি সভায় জানান মঙ্গলকাটা বাজারের গলি এবং বাজারের ড্রেইন পাকাকরন করা খুবই জরুরী। তিনি আরও জানান পাহাড়ে বৃষ্টি হলেই বাজারে জলাবদ্ধতা দেখা দেয় ফলে বাজারের চলাচল করতে ব্যবসায়ী ও ক্রেতাদের অসুবিধা হয়। তাই তিনি মঙ্গলকাটা বাজারের জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে ৪০০ ফুট রাস্তা এবং ২০০ ফুট ড্রেইন নির্মাণ করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে মঙ্গলকাটা বাজারটি সরেজমিন পরিদর্শন করে প্রাক্কলন তৈরী করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আসন ঈদুল আযহা উপলক্ষ্যে অস্থায়ী পশুর হাট বসানোর জন্য বিভিন্ন ইউনিয়ন থেকে আবেদন পাওয়া গেছে। কুরবানীর অস্থায়ী পশুর হাট বসানোর জন্য (১) ব্রাহ্মণগাঁও বাজার অস্থায়ী পশুর হাট, (২) বালাকান্দ বাজার অস্থায়ী পশুর হাট, (৩) চৌমুহনী বাজার অস্থায়ী পশুর হাট, (৪) নৈগাং বাজার অস্থায়ী পুশুর হাট এবং (৫) গৌরারং ইউনিয়নের রাধানগর পয়েন্টে সরকারি ভূমিতে অস্থায়ী পশুর হাট এর আবেদনগুলো সভায় উপস্থাপন করেন। | আলোচনান্তে সরকারি রাজস্ব বৃদ্ধি এবং কুরবানীর পশু বেচা-কেনার সুবিধার্থে আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে প্রস্তাবিত ৫টি হাটে/স্থানে অস্থায়ী পশুর হাট বসানোর নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বর্তমানে আমন ধানের মৌসুম শুরু হবে। আমন ধানের বীজ চলে এসছে। ডিলারগণ বীজ ধান সংগ্রহ করছেন। এ বছর আমন ধানের নতুন ভেরাইটি এসছে। নতুন ভেরাইটির ধান আগাম কাটা যাবে। তাছাড়া তিনি আরও জানান বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা তৈরী করা হয়েছে। এছাড়া কৃষি অফিসের পুরাতন গুদাম ঘরটি নষ্ট হয়ে গেছে উক্ত গুদামটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত গুদামে ধানের বীজ, সার ও অন্যান্য গুরুত্বপূর্ণ কৃষি যন্ত্রপাতি সংরক্ষিত থাকে। | আলোচনান্তে কৃষকগণকে আমন ধানের বীজ ডিলারদের কাছ থেকে সংগ্রহ করার জন্য এবং কৃষি অফিসের পুরাতন গুদাম ঘরটি সরেজমিন পরিদর্শন করে প্রাক্কলন তৈরী করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা প্রকৌশলী এলজিইডি সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, গত ৩০ মে ২০২২ খ্রি. তারিখ ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক বাজেট সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক বাজেট অনুমোদিত হওয়ায় তিনি পরিষদের অনুমোদনের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক বাজেট অনুমোদিত হয় এবং বাজেট কপি মন্ত্রণালয়ে প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যে এপিএ চুক্তি মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম ১০০% এবং চলতি ঋণ আদায় ১০০% করা সম্ভব হয়েছে। বন্যা জনিত কারণে খেলাফি ঋণ আদায়ে কিছুটা বিঘ্ন ঘটেছে। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | আলোচনান্তে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য ১৩৩ জনের নামের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| ৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার রঙ্গাঁরচর ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র জন্য ০.৫০ একর জমি এবং মোহনপুর ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমি এখনও পাওয়া যায়নি। তিনি দ্রুত স্থান নির্বাচন করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে রঙ্গাঁরচর ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও মোহনপুর ইউনিয়নে মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য দ্রুত স্থান নির্বাচন পূর্বক দলিল সম্পাদন করে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর বরাবর দাখিল করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান রঙ্গাঁরচর/মোহনপুর ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ঈদুল ফিতরে ভিজিএফ বিতরণের মাষ্টাররোল সকল ইউনিয়ন থেকে এখনও পাওয়া যায়নি। আসন্ন ঈদুল আযহায় ও সমপরিমাণ ভিজিএফ বিতরণ করা হবে। তিনি দ্রুত ভিজিএফ বিতরণের মাষ্টাররোল জমা প্রদানের জন্য এবং টিআর ও কাবিটা প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | আলোচনান্তে ঈদুল ফিতরে ভিজিএফ বিতরণের মাষ্টাররোল দ্রুত জমা প্রদানের জন্য এবং টিআর ও কাবিটা প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১০. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সুনামগঞ্জ সদর মডেল থানা সভায় জানান শহরের প্রতিটি স্কুলের সামনে বখাটে/ইভটিজারদের ধরতে পুলিশ কাজ করে যাচ্ছে। তিনি জানান যদি প্রতিটি বিদ্যালয়ের স্কুল ড্রেস নির্দিষ্ট করা থাকে তাহলে খুব সহজে বখাটে/ইভটিজারদের ধরা যাবে। তাই তিনি যখন ছাত্রীরা স্কুল ও কোচিংয়ে যায় সে সময় স্কুল ড্রেস পড়ে গেলে পুলিশ খুব সহজে বখাটে/ইভটিজারদের ধরতে পারবে। তাই তিনি মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক ও সভাপতিগণদের নিয়ে একটি সভা করে তাদের স্কুলে স্কুল ড্রেস নির্দিষ্ট করার বিষয়ে আলোচনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতিগণদের নিয়ে একটি সভা করে তাদের স্কুলে স্কুল ড্রেস নির্দিষ্ট করার বিষয়ে আলোচনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বন্যার সময় কিছু শিক্ষা প্রতিষ্ঠানে পানি উঠায় বন্ধ ছিল সেগুলোর পানি নেমে যাওয়ায় শ্রেণী কার্যক্রম স্বাভাবিক হয়েছে। তাছাড়া সকল প্রাথমিক বিদ্যালয়ে আন্তঃপ্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা সমাপ্ত হয়েছে এবং বঙ্গবন্ধু কাপ আয়োজনের প্রস্তুতি চলছে। আগামীতে সকল ছাত্রদের স্টুডেন্ট আইডি কার্ড করতে হবে। স্টুডেন্ট আইডি কার্ড এর জন্য অনলাইন জন্ম সনদ এর প্রয়োজন। তাছাড়া এখন থেকে উপবৃত্তির টাকা যে কোন অপারেটর থেকে নিতে পারবেন। | আলোচনান্তে বঙ্গবন্ধু কাপ দ্রুত আয়োজন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে এবং স্টুডেন্ট আইডি প্রণয়নের জন্য সকল শিক্ষার্থীদের অনলাইন জন্ম সনদ প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যনগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান বর্তমানে বোরো ধান সংগ্রহ কার্যক্রম চলছে। তাছাড়া খাদ্য বান্ধব এর ডাটা বেইজ তৈরীর কাজ চলমান রয়েছে। খুব শিগ্রই উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। সুনামগঞ্জ সদর উপজেলায় | আলোচনান্তে কৃষকদের কাছ থেকে দ্রুত ধান সংগ্রহ করার জন্য এবং উদ্যোক্তাদের দ্রুত প্রশিক্ষণ দিয়ে ডাটা বেইজ তৈরীর কাজ শুরু করার জন্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | ১৪৫২২ জন জন খাদ্য বান্ধব এর সুবিধা পাচ্ছেন। যারা অন্যান্য ভাতা পাচ্ছেন তাদের ভাতা বাতিল হবে এবং একই পরিবারের ২ জন খাদ্য বান্ধব তালিকায় থাকবেন না। তিনি আরও জানান ২০০৮ মেট্রিক টন ধান এর মধ্যে ২৫০ মেট্রিক টন ধান সংগ্রহ করা হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জনশুমারী ও গৃহগণনা ২০২২ কার্যক্রম আগামী ১৫ জুন থেকে ২২ জুন ২০২২ পর্যন্ত চলবে। এ লক্ষ্যে ১ম ধাপের প্রশিক্ষণ শেষ হয়েছে এবং ২য় ধাপের প্রশিক্ষণ চলমান। ১৪ জুন মধ্য রাত থেকে গৃহগণণা কার্যক্রম শুরু হবে। এ বছর ট্যাব এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। তিনি উক্ত কার্যক্রম বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে জনশুমারী ও গৃহগণনা ২০২২ কার্যক্রম বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রদান এবং নিজ নিজ ইউনিয়নে প্রচার প্রচারণা চালিয়ে জনগণকে জনশুমারী ও গৃহগণনার বিষয়ে অবগত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ উপলক্ষে সুনামগঞ্জ জেলার সদর উপজেলায় তথ্য সংগ্রহের তারিখ ২০ মে ২০২২ তারিখ থেকে ০৯ জুন ২০২২ তারিখ পর্যন্ত এবং নিবন্ধন কার্যক্রম ১০ জুন ২০২২ তারিখ হতে ০৫ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক পর্যায়ক্রমে চলবে। ছবি তোলা ও নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নে নিরাপত্তার জন্য গ্রাম পুলিশ মোতায়ন এবং এক জন ওয়ার্ড মেম্বার সার্বক্ষণিক সহযোগিতা করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম বাস্তবায়নে গ্রাম পুলিশ মোতায়ন এবং এক জন ওয়ার্ড মেম্বার সার্বক্ষণিক সহযোগিতা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২টি সমবায় সমিতি ও ১টি উদ্যোক্তা সমিতিকে ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা কোভিডকালীন প্রণোদনা প্রদান করা হয়েছে। তিনি আরও জানান বিআরডিবি-৩ প্রকল্পের ৩টি স্কীম গ্রহণ করা হয়েছে। | আলোচনান্তে বিআরডিবি-৩ প্রকল্পের স্কীমগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মর্তা, সুনামগঞ্জ সদর |
| ১৬. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ১৩৮টি সমিতির মধ্যে ১৩৮ টি সমিতির নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৪২টি সমিতির মধ্যে ৩২টি সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান অবশিষ্ট সমিতিগুলোর নির্বাচন আগামী জুন-২০২২ মাসের মধ্যে সম্পন্ন করা হবে এবং আগামী জুলাই-২০২২ থেকে নতুন করে সমিতির নিরীক্ষা কার্যক্রম শুরু হবে। | আলোচনান্তে অবশিষ্ট সমিতিগুলোর নির্বাচন দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৭. | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান মে/২০২২ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৯৩০/-(উনত্রিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৭,৯২০/-(সাত হাজার নয়শত পঞ্চাশ) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৫০/-(চার হাজার নয়শত) টাকা, পরিষদের | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা ব্যয়ের বিল পাওয়ার আবেদন করেন। | | সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৬/22

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৩৭৬(৫০) তারিখ : ১৬ জুন ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ........................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্ঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

16.6.22

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি:

মাসের নাম: জুন/২০২২

সভার তারিখ: ০৯/০৬/২০২২ সময়: ১১.০০ ঘটিকা

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২. | " নাদের বখত | মেয়র, সুনামগঞ্জ পৌরসভা। | |
| ০৩. | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | |
| ০৪. | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | [illegible] |
| ০৫. | " মো: আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান লক্ষনশ্রী, ইউপি | [illegible] |
| ০৬. | " মো: আবুল বরকত | চেয়ারম্যান, কুরবান নগর, ইউপি, | [illegible] |
| ০৭. | " মো: নরুল হক. | চেয়ারম্যান মোল্লাপাড়া, ইউপি. | [illegible] |
| ০৮. | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান, কাঠইর, ইউপি. | [illegible] |
| ০৯. | " মো: আব্দুল হাই | চেয়ারম্যান, রঙ্গারচর, ইউপি. | [illegible] |
| ১০. | " মো: আমির হোসেন রেজা | চেয়ারম্যান, সুরমা, ইউপি. | [illegible] |

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | জনাব, রসিদ আহমেদ | চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর, ইউপি. | |
| ১২. | " মো: শওকত আলী | চেয়ারম্যান গৌরারং, ইউপি. | |
| ১৩. | " মো: মহিন-উল-হক | চেয়ারম্যান মোহনপুর, ইউপি. | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি :

মাসের নাম: জুন/22

সভার তারিখ: ০৯/০৬/২০২২

সময়: ১১.০০ মিঃ

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব, ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। | |
| ০২ | " ডা: মো: শরীফুল আবেদীন কমল | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৩ | " মো: সালাহউদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর | [signature] ০৯/০৬/২২ |
| ০৪. | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল ভূঁইয়া | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ০৫ | " [illegible] | উপজেলা মৎস্য অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ০৬. | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী। সুনামগঞ্জ সদর। | [signature] |
| ০৭. | " ইফতিয়ার উদ্দিন চৌধুরী | অফিসার ইন-চার্জ সুনামগঞ্জ সদর মডেল থানা | পক্ষে — [signature] |
| ০৮. | " অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুনামগঞ্জ সদর। | [signature] |
| ০৯. | " নাজমুর রহিম বাবর | উপজেলা শিক্ষা অফিসার সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১০. | " বেনু গোপাল দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১১. | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প. প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১২. | " মো: শাহিনুর আলম | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৩. | " মো: আইনুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১৪. | " বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | পক্ষে [signature] |
| ১৫. | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | জনাব মোঃ ~~শিবলী নোমান মুনিম~~ মোঃ উজ্জ্বল আলী | ভাঃ পরিসংখ্যান তদন্তকারী ~~পরিসংখ্যান কর্মকর্তা~~ সুনামগঞ্জ সদর। | |
| ১৭ | " এ, কে, এম রেজাউল আলম | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সুনামগঞ্জ। | |
| ১৮ | " চয়নব্রত চৌধুরী | উপজেলা রেজকর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৯ | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর। | |
| ২০ | " আব্দুল ওয়াহাব | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২১ | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২২ | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর। | |
| ২৩ | " মোঃ সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সুনামগঞ্জ সদর। | |
| ২৪ | " সৈয়দ আহমদ শাহনান | ইন্সট্রাক্টর, ইউ আর সি সুনামগঞ্জ সদর। | |
| ২৫ | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউজিডিপি সুনামগঞ্জ সদর। | |
| ২৬ | " মোহাম্মদ খোরশেদ আলম | পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুনামগঞ্জ। | |